ভোরের কাগজ

তারিখ ৮/১১/২০০০
পৃষ্ঠা ১ কলাম ৫

৪০

ছাত্রলীগ-ছাত্রদল পাল্টাপাল্টি মামলা

# ফের সংঘর্ষের আশঙ্কায় কুষ্টিয়া সরকারি কলেজ ১২ নভেম্বর পর্যন্ত বন্ধ

কুষ্টিয়া প্রতিনিধি : ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘাতকে কেন্দ্র করে কুষ্টিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ আগামী ১২ নভেম্বর পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রলীগ-ছাত্রদল পরস্পরের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। কলেজ বন্ধ ঘোষণা করা হলেও এ নিয়ে কুষ্টিয়ায় চাপা উত্তেজনা বিরাজ করছে।

উল্লেখ্য, গত ৬ নভেম্বর কলেজ ক্যাম্পাসে মিছিল সমাবেশ করার সময় উভয়দলের মধ্যে হামলা-পাল্টা হামলার ঘটনা ঘটে। সংঘর্ষ, গোলাগুলি ও বোমাবাজিতে ছাত্রদল নেতা কলেজ ভিপিসহ প্রায় ২০ জন আহত হয়। ছাত্রলীগ অভিযোগ করে, তাদের মিছিলে ছাত্রদল প্রথমে একতরফাভাবে হামলা চালায় ও কলেজ জিএস আরিফকে গুলি করে হত্যার চেষ্টা করে।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## ফের সংঘর্ষের আশঙ্কায়

● প্রথম পাতার পর

এদিকে ছাত্রদল অভিযোগ করে, তাদের সমাবেশের ওপর ছাত্রলীগ বিনা উস্কানিতে গুলি ও বোমা ছোড়ে। এতে কলেজ ভিপি পরাণসহ ২০ জন আহত হয়। ভিপিসহ ছাত্রদলের ৩ জন কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছে।

ফের সংঘর্ষের আশঙ্কায় কলেজ কর্তৃপক্ষ ৬ নভেম্বর রাতে ১২ নভেম্বর পর্যন্ত কলেজ বন্ধের ঘোষণা দেয়। এ কারণে কলেজের আজ ৮ নভেম্বর থেকে অনুষ্ঠেয় সম্মান ১ম বর্ষের ভর্তি পরীক্ষা পিছিয়ে ১৩ নভেম্বর থেকে অনুষ্ঠিত হবে।

এদিকে এ ঘটনায় জেলা ছাত্রদল সভাপতি শামীমুল হাসান অপু বাদী হয়ে কলেজ জিএসসহ ৩২ জন ছাত্রলীগ নেতা-কর্মীকে আসামি করে মামলা করেছেন। অপরদিকে কলেজ ছাত্রলীগ সভাপতি ইকবাল হোসেন বাদী হয়ে জেলা ছাত্রদল সভাপতি কলেজ ভিপিসহ ২১ জন ছাত্রদল নেতা-কর্মীকে আসামি করে মামলা করেছেন।